

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
বিদেশ প্রশিক্ষণ গবেষণা ইউনিট  
[www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)

২০ চৈত্র, ১৪২৫

স্মারক নং: ০৫.০০.০০০০.২১১.০৬.০০৯.১৬ (অংশ-১)- ৩৪


তারিখ: -----

০৩ এপ্রিল, ২০১৯

বিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ২০১৮-১৯ অর্থবছরে সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং নিবন্ধিত বেসরকারি সংগঠন/প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহে আর্থিক অনুদান প্রদান করা হবে। প্রশিক্ষণ প্রতিষ্ঠানে সরকারি অনুদান প্রদান সংক্রান্ত নীতিমালা-২০১৯ এর আওতায় যে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং নিবন্ধিত বেসরকারি সংগঠন/প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ জনপ্রশাসন ও এর উন্নয়ন সাধন সম্পর্কিত বিষয়সমূহের উপর প্রশিক্ষণ প্রদান করে অথবা এ সংক্রান্ত গবেষণামূলক কার্যক্রমের সাথে জড়িত শুধুমাত্র সে সকল প্রতিষ্ঠান এ অনুদান প্রাপ্তির যোগ্য বলে বিবেচিত হবে।

২। এ অনুদান গ্রহণে আগ্রহী প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহকে নির্ধারিত ফরমে আগামী ০৭/০৪/২০১৯ হতে ৩০/০৪/২০১৯ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবর ডাকযোগে/সরাসরি আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। আবেদনের ফরম ও এ সংক্রান্ত নীতিমালা জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট ([www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)) এবং সংশ্লিষ্ট জেলার ওয়েবসাইট হতে ডাউনলোড করা যাবে। উল্লেখ্য, অসম্পূর্ণ আবেদনপত্র এবং নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

  
(নাহিদা পারভীন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫৮৮৬৪৭